# ৩য় সাধারণ সভার আলোচনা এবং সিদ্ধান্ত সমূহ

তারিখ ঃ ০৮-১১-২০২৪ইং

স্থানঃ স্কুলে অডিটোরিয়াম প্রাঙ্গনে

সূত্র ঃ (২০২৪-২০২৭) সসভা/০০৩

**উপস্থাপনা ঃ মাহবুব রাশেদ রুবেল (১৯৯১)**

**কোরআন তেলোয়াত ও হাদিস পাঠ ঃ ১৯৭৯ মুফিত মোঃ ইসহাক**

**১. সোহেল শিকদার জুম্মান, দপ্তর ও পাঠাগার সচিব (২০০৩)**

- প্রথমেই ২য় সাধারণ সভার কার্যবিবরণি পাঠ করে শোনান।

**২. মহাসচিব (১৯৮৮) আসলাম পারভেজ মিঠু।**

- প্রথমেই ২য় সাধারণ সভার কার্যবিবরণি সবার সম্মতি ক্রমে পাস করান।

৩. (১৯৮৩) এমদাদুল হক শাহারিয়ার, সাংগঠনিক সচিব

- ঢাকা গভ. মুসলিম হাই স্কুলের ১৫০ বছর পূর্তি উদযাপন একটি বিশাল আয়োজন এবং এর জন্য একটি শক্তিশালী ফান্ড গঠন করা জরুরি। এই ফান্ডের মূল উদ্দেশ্য হবে অনুষ্ঠান আয়োজনের প্রতিটি খাত যেমন সাজসজ্জা, সাংস্কৃতিক অনুষ্ঠান, স্মারক প্রকাশনা এবং অতিথিদের আপ্যায়নের ব্যয় নির্বাহ করা।
- যে, একটি স্বচ্ছ দানের পদ্ধতি চালু করা উচিত, যেখানে প্রত্যেক দাতা তাদের অবদানের সঠিক ব্যবহার সম্পর্কে নিশ্চিত হতে পারবেন।
- নিজেদের সামর্থ্য অনুযায়ী এই মহতী উদ্যোগে আর্থিক অবদান রাখার জন্য এগিয়ে আসা উচিত। তিনি আরও যোগ করেন যে, এই ফান্ড শুধু অনুষ্ঠান সফল করার জন্য নয়, স্কুলের ভবিষ্যৎ উন্নয়নের ভিত্তি স্থাপনেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

**৪. (১৯৭৩) মোঃ শওকত আলী**

- স্কুলের ১৫০ বছর পূর্তি উদযাপনের জন্য বিভিন্ন প্রস্তুতি গ্রহণ করা আবশ্যক। তিনি বলেন, অনুষ্ঠানের সুষ্ঠু আয়োজনের জন্য একটি পরিকল্পনা কমিটি গঠন করা দরকার এবং সেই কমিটি পুরো কার্যক্রম তদারকি করবে।
- তিনি আরও উল্লেখ করেন যে, স্কুল প্রাঙ্গণ সাজানো, সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন, স্মারক প্রকাশনা প্রস্তুত করা এবং আমন্ত্রিত অতিথিদের তালিকা চূড়ান্ত করা এই প্রস্তুতির অংশ। শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করতে বিভিন্ন রিহার্সাল আয়োজন করার কথাও তিনি বলেন।

# ৩য় সাধারণ সভার আলোচনা এবং সিদ্ধান্ত সমূহ

- তিনি আরও বলেন যে, অনুষ্ঠানের দিন যথাযথ শৃঙ্খলা বজায় রাখতে স্বেচ্ছাসেবক দল গঠন করা প্রয়োজন এবং নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করার জন্য স্থানীয় প্রশাসনের সহায়তা নেওয়া দরকার।
- তিনি বলেন যে, অনুষ্ঠানটি সফল করতে শিক্ষক এবং শিক্ষার্থী সক্রিয় ভূমিকা রাখা প্রয়োজন। অবশেষে, তিনি সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান এবং বলেন যে, এই উদযাপন স্কুলের ঐতিহ্য ও গৌরবকে আরও উজ্জ্বল করবে।

**৫. (১৯৮৮) আসলাম পারভেজ মিঠু, মহাসচিব**

- সার্ধশতবর্ষ পূর্তি অনুষ্ঠানের পূর্ব প্রস্তুতি সম্পর্কে উপস্থাপন করেন:

চেয়ারম্যান: জনাব মোঃ আলী রেজা খান, ব্যাচ ১৯৭১ (ব্যবস্থপনা পরিচালক ও সিইও স্যোসাল মার্কেট কোঃ)

**উপদেষ্টা:** স্কুলের প্রধান শিক্ষক প্রধান উপদেষ্টা মাহবুবা

**পরিষদ সদস্য:**

০১. জনাব সৈয়দ মানোয়ার আলী, উপদেষ্টা এবং সাবেক সভাপতি, এ্যালামনাই এসোসিয়েশ ঢাকা গভ. মুসলিম হাই স্কুল।

০২. জনাব মীর মোঃ জাকির হোসেন, উপদেষ্টা এবং সাবেক মহাসচিব, এ্যালামনাই এসোসিয়েশ ঢাকা গভ, মুসলিম হাই স্কুল।

০৩. জনাব কামরুল ইসলাম,

০৪. জনাব এম এ কাইয়ম,

০৫. জনাব শওকত আলী,

০৬. জনাব সুজা উদ্দীন আহম্মেদ,

০৭. জনাব মিকাইল সিপার,

০৮. জনাব মোঃ সৈয়দ হাসান আব্দুল্লাহ,

০৯. জনাব মুহম্মদ ইব্রাহীম,

১০. জনাব মুফতি মিজানুর রহমান।

**পৃষ্ঠপোষক:** প্রধান পৃষ্ঠপোষক জনাব মোঃ নাদিম (R. N. Trading)

**পরিষদ সদস্য:**

০১. জনাব তাহের,

০২. জনাব মাহবুব হোসেন,

০৩, জনাব লুৎফর আজীম

# ৩য় সাধারণ সভার আলোচনা এবং সিদ্ধান্ত সমূহ

০৪. মোঃ সামসুজজামান

**ট্রেন্ডার করা হবে:** স্যুভিনিয়র, ডেকোরেটর, লাইট এবং খাবার।

**গিফট:** ব্যাগ, টি-শার্ট, ক্রেস্ট/ স্যুভিনিয়র

ক্যাপ/মগ/কমল/ব্যাজ/টুপি/আতর

**নাস্তা:** বাগার, ডিম, পানি, চা।

**দুপুর:** সুলতান ডাইন/ কাচ্চি ভাই/ সালসা/ স্টার ও অন্যান্য

**স্কুলের টিফিন:** যথারীতি

**বিকালের টিফিন:** কেক বিস্কুট ১টা ফল, পানি, চা

* স্টল করা হবে (বরাদ্দ দেওয়া হবে)

প্রতি সদস্য আনুমানিক খরচ

| মেনু | টাকা পরিমাণ |
|---|---|
| স্যুভিনিয়র | ৪০০ টাকা |
| খাবার | ৭০০ টাকা |
| গিফট | ১০০০ টাকা |
| অন্যান্য | ৫০০ টাকা |
| মোট | ২৬০০ টাকা |

বিঃ দ্রিঃ রেজিস্ট্রেশন কম হলে খরচ বাড়বে আর বেশি হলে খরচ কমবে।

**৬. মোঃ আলী রেজা খান, (চেয়ারম্যান, সর্ধশতবর্ষ পূতি উৎযাপন কমিটির)**

- প্রথমেই একটি সুশৃংখল পরিবেশে সভাটি উপহার দেওয়ার জন্য সবাই কে আন্তরিক ধন্যবাদ জানান।
- সার্ধশত বর্ষ উৎযাপন কমিটির চেয়ারম্যান হিসেবে নবনির্বাচিত চেয়ারম্যান তাঁর দায়িত্বভার গ্রহণের সময় বলেন যে, এই দায়িত্ব তাঁর জন্য একটি বিরাট সম্মান এবং একই সাথে এক গুরুত্বপূর্ণ দায়িত্ব। তিনি কমিটির সকল সদস্যের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং বলেন যে, এই ঐতিহাসিক মুহূর্ত উদযাপন করা আমাদের সবার জন্যই গর্বের বিষয়।
- তিনি উল্লেখ করেন যে, সার্ধশত বর্ষ উৎযাপন আমাদের অতীত সাফল্যের স্মারক এবং ভবিষ্যতের জন্য একটি শক্তিশালী ভিত্তি গড়ে তুলতে সহায়ক হবে। তিনি বলেন, এই উদযাপনের মাধ্যমে আমাদের ঐতিহ্য, মূল্যবোধ ও সংস্কৃতির প্রকৃত প্রতিফলন ঘটাতে হবে এবং এ উদ্যোগটি সবার কাছে গৌরবময় হয়ে থাকবে।

# ৩য় সাধারণ সভার আলোচনা এবং সিদ্ধান্ত সমূহ

- নবনির্বাচিত চেয়ারম্যান প্রতিশ্রুতি দেন যে তিনি সবার মতামত, পরামর্শ ও সহযোগিতাকে সম্মানের সাথে গ্রহণ করবেন এবং উদ্যোগটির সাফল্যের জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালাবেন।
- তিনি সবাইকে আহ্বান জানান, একসঙ্গে কাজ করে এই গুরুত্বপূর্ণ মুহূর্তটিকে স্মরণীয় করে তোলা এবং ঐতিহ্য ও সাফল্যের নতুন অধ্যায় রচনা করার জন্য।

**৭. সভাপতি ১৯৮৩ কাজী মোহাম্মদ রহমতউল্লাহ**

- সার্ধশতবর্ষ পূর্তি অনুষ্ঠানের পূর্ব প্রস্তুতি সর্ম্পকে মহাসচিব উপস্থাপনা টির সকলেন সম্মতি ক্রমে পাস করেন।
- সার্ধশতবর্ষ পূর্তি উৎযাপন কমিটির নবনির্বাচিত চেয়ারম্যানকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। আসা করেন তিনি নিজের বুদ্ধি ও অভিজ্ঞতা আলোকে সুন্দর সুশৃঙ্খল ভাবে অনুষ্ঠানটি পরিচালনা করতে পারবেন।
- সার্ধশত বর্ষ পূর্তি অনুষ্ঠানের পূর্বপ্রস্তুতি নিয়ে যাঁরা সভায় মূল্যবান বক্তব্য দিয়েছেন, তাঁদের প্রতি তিনি আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। তাঁদের পরামর্শ ও চিন্তাভাবনা অনুষ্ঠানকে আরও সাফল্যের দিকে এগিয়ে নিয়ে যাবে বলে আশা করেন।
- এই উদযাপনের সাফল্য নির্ভর করবে আমাদের সম্মিলিত প্রচেষ্টা ও সহযোগিতার উপর। সবার মতামত ও অংশগ্রহণকেই তিনি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে দেখবেন এবং এর মাধ্যমে একটি স্মরণীয় উদযাপন বাস্তবায়ন সম্ভব হবে।
- সভায় উপস্থিত সকল সদস্যদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি উল্লেখ করেন যে, সভায় অংশগ্রহণ করে নিজেদের মূল্যবান মতামত ও পরামর্শ প্রদান করার মাধ্যমে সভাকে সাফল্যমণ্ডিত করেছেন।
- সবাইকে আন্তরিক শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জানিয়ে সভার আনুষ্ঠানিক সমাপ্তি ঘোষণা করেন।

K.M. Rahmatullah

কাজী মোহাম্মদ রহমতউল্লাহ
সভাপতি
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল

আসলাম পারভেজ মিঠু
মহাসচিব
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল